

অনন্তসাগরমাঝে দাও তরী ভাসাইয়া ।
গেছে সুখ, গেছে দুখ, গেছে আশা ফুরাইয়া ॥
সম্মুখে অনন্ত রাত্রি, আমরা দুজনে যাত্রী,
সম্মুখে শয়ান সিঙ্কু দিগ্‌বিদিক হারাইয়া ॥
জলধি রয়েছে স্থির, ধূ-ধূ করে সিঙ্কুতীর,
প্রশান্ত সুনীল নীর নীল শূন্যে মিশাইয়া ।
নাহি সাড়া, নাহি শব্দ, মল্লৈ যেন সব স্তব্ধ,
রজনী আসিছে ধীরে দুই বাহু প্রসারিয়া ॥

Parjaay: Prem O Prokriti, Taal: Ara Theka, Raag: Bagesree
Visit www.geetabitan.com for notation and other detail